দৈনিক খবর

50-A

তারিখ 21 MAR ...
পৃষ্ঠা ...৩ কলাম ...৭...

৬/

# শিক্ষা বিভাগের উন্নয়ন কর্মকান্ড

শিক্ষা মানুষের একটি মৌলিক অধিকার। শিক্ষা একদিকে যেমন মানুষের মনকে প্রশিক্ষিত করে অন্যদিকে তেমনি জীবনকে করে উন্নত। তাই জীবন ও জীবিকার মান উন্নয়নে শিক্ষার কোন বিকল্প নাই। এই প্রেক্ষিতে শিক্ষার সুযোগ-সুবিধা বৃদ্ধি তথা শিক্ষিত জনশক্তি গড়িয়া তোলার অভিপ্রায়ে শিক্ষা বিভাগ সীমিত সম্পদের মধ্যে ইহার প্রচেষ্টা অব্যাহত রাখিয়াছে।

বর্তমান পঞ্চবার্ষিক পরিকল্পনায়(১৯৮৫-৯০) শিক্ষা বিভাগের বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য ১১৭০ কোটি টাকাই বরাদ্দ রাখা হইয়াছে। এই অর্থ সরকারী খাতের মোট বরাদ্দের ৪.৬৮% ভাগ। চলতি পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে মোট ৫১টি প্রকল্প বাস্তবায়নের জন্য গৃহীত হয়। ইহার মধ্যে ২৮টি প্রকল্প দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা (১৯৮০-৮৫) হইতে বর্তমান পঞ্চবার্ষিক পরিকল্পনায় চলমান প্রকল্প হিসেবে গৃহীত হয়। বাকী ২৩টি নতুন প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। ইহাছাড়া শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান প্রধান মেরামত ও সংস্কার কাজের জন্য ৩০ কোটি টাকা এবং তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে নূতন প্রকল্পের জন্য ৫০ কোটি টাকার দুইটি থোকে বরাদ্দ পরিকল্পনা দলিলে রাখা হইয়াছে।

তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা শিক্ষা বিভাগের বিভিন্ন কর্মসূচীর জন্য বরাদ্দ নিম্নরূপঃ-

| কর্মসূচী | | মোট প্রকল্প সংখ্যা | তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় বরাদ্দ | মোট বরাদ্দের % লক্ষ টাকা |
|---|---|---|---|---|
| ক) | প্রাথমিক শিক্ষা | ২ | ৫৩,৮০০.০০ | ৪৫.৯৮ |
| খ) | গণশিক্ষা | ১ | ২,৫০০.০০ | ২.১৪ |
| গ) | মাধ্যমিক শিক্ষা | ৬ | ১২,৫০০.০০ | ১০.৬৯ |
| ঘ) | কলেজ শিক্ষা | ৭ | ৫,৮৩৪.২৯ | ৪.৯৯ |
| ঙ) | মাদ্রাসা শিক্ষা | ১ | ৬৭৫.০০ | ০.৫৮ |
| চ) | শিক্ষক প্রশিক্ষণ | ১ | ১৪৯.৮৯ | ০.১৩ |
| ছ) | বৃত্তি | ২ | ৫,৫০০.০০ | ৪.৭০ |
| জ) | কারিগরি শিক্ষা | ১০ | ১৬,০৩৬.৮৮ | ১৩.১৭ |
| ঝ) | বিশ্ববিদ্যালয় শিক্ষা | ৯৫ | ১০,০০০.০০ | ৮.৫৫ |
| ঞ) | পরিকল্পনা ও ব্যবস্থাপনা | ২ | ৪৪৬.২৪ | ০.৩৮ |
| ট) | শিক্ষাক্রম ও পাঠ্যবই | ১ | ২৮২.৮১ | ০.২৪ |
| ঠ) | শিক্ষা প্রযুক্তি | ৩ | ১,২৭৪.৭৫ | ১.০৯ |
| ড) | শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সংস্কার ও মেরামত | – | ৩,০০০.০০ | ২.৫৬ |
| ঢ) | নূতন প্রকল্পের জন্য থোক-বরাদ্দ | | ৫,০০০.০০ | ৪.২৭ |
| | | ৫১ | ১,১৭,০০০.০০ | ১০০.০০ |

চলতি পরিকল্পনায় সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তন, বিজ্ঞান শিক্ষার গুরুত্বারোপসহ মাধ্যমিক বিদ্যালয়ের উন্নয়ন এবং কারিগরি শিক্ষার উন্নয়ন শীর্ষক এই তিনটি প্রকল্পের অধিক অর্থ বরাদ্দপূর্বক অগ্রাধিকার প্রদান করা হইয়াছে। ইহাছাড়াও পুরাতন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের মেরামত ও সংস্কারের উপর বিশেষ গুরুত্বারোপ করা হইয়াছে।

তৃতীয় পাঁচসালা পরিকল্পনার অধীনে বিভিন্ন প্রধান কর্মসূচী বাস্তবায়নের জন্য ডিসেম্বর ১৯৮৯ পর্যন্ত সময়ে ৮২২ কোটি.২০ লক্ষ টাকা খরচ করা হইয়াছে। ইহার মধ্যে প্রাথমিক শিক্ষার জন্য ৪৪৪ কোটি ৮১ লক্ষ টাকা মাধ্যমিক ও উচ্চ শিক্ষার জন্য ১৫১ কোটি ২৫ লক্ষ টাকা; কারিগরি শিক্ষার জন্য ১২২ কোটি ৮৭ লক্ষ টাকা উল্লেখযোগ্য। এই সময়ের মধ্যে বিশ্ববিদ্যালয় শিক্ষা ও মন্ত্রণালয়ের প্রকল্পের জন্য (সংস্থার নিজস্ব তালিকাসহ) যথাক্রমে ৭৬ কোটি ১২ লক্ষ টাকা এবং ২৭ কোটি ১৪ লক্ষ টাকা খরচ করা হইয়াছে। চলতি পরিকল্পনায় ডিসেম্বর ১৯৮৮ পর্যন্ত সময়ের মধ্যে পার্বত্য চট্টগ্রামের জন্য বিশেষ প্রকল্পের অধীনে ২ কোটি ১৫ লক্ষ টাকা খরচ করিয়া কয়েকটি প্রকল্প বাস্তবায়ন করা হইয়াছে।

**প্রাথমিক শিক্ষা ঃ**

প্রাথমিক শিক্ষাঃ সাংবিধানিক অধিকারপ্রাপ্ত শিক্ষার একটি স্তর এবং ইহাকে সার্বজনীন করার প্রক্রিয়া ইতিমধ্যে শুরু করা হইয়াছে। এই পর্যায়ের শিক্ষাকে ধাপে ধাপে বাধ্যতামূলক করার চিন্তা-ভাবনা করা হইতেছে। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় (১৯৮৫-৯০) প্রাথমিক শিক্ষার উপর সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হইয়াছে এবং এই উপখাতে ৫৩৮ কোটি

*১০-এর পাতায় দেখুন*